আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু একবার বাচ্চাদের সামনে দিয়ে যাচ্ছিলেন। তখন তিনি তাদেরকে সালাম দিলেন এবং তিনি বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এভাবে করতেন (অর্থাৎ তিনিও বাচ্চাদেরকে সালাম দিতেন)।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি একবার বাচ্চাদের সামনে দিয়ে যাচ্ছিলেন। তখন তিনি তাদেরকে সালাম দিলেন এবং তিনি বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এভাবে করতেন (অর্থাৎ তিনিও বাচ্চাদেরকে সালাম দিতেন)।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীসে বিনয় ও সকলকে সালাম দিতে উৎসাহ প্রদান এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিনয় সম্পর্কে বর্ণনা করা হয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অন্যতম বিনয় ছিল তিনি যখন বাচ্চাদের পাশ দিয়ে যেতেন তখন তিনি তাদেরকে সালাম দিতেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীরা তাঁর অনুসরণ করতেন। যেমন, আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি একবার বাচ্চাদের সামনে দিয়ে যাচ্ছিলেন। তখন তিনি তাদেরকে সালাম দিলেন। তিনি বাজারে খেলারত বাচ্চাদের পাশ দিয়ে অতিক্রমকালে তাদেরকে সালাম দিতেন এবং তিনি বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এভাবে করতেন অর্থাৎ তিনিও বাচ্চাদের পাশ দিয়ে অতিক্রম করলে তাদেরকে সালাম দিতেন)। আর বাচ্চাদেরকে সালাম দেওয়া হলো ব্যক্তির বিনয় ও উত্তম আদর্শের প্রমাণ, তাছাড়া এভাবে সালাম দেওয়া তাদেরকে সুশিক্ষা, উপদেশ ও পথ নির্দেশনা শিক্ষা দেওয়া। কেননা মানুষ যখন ছোটদেরকে সালাম দিবে তারাও সালাম দিতে অভ্যস্থ হবে এবং তাদের অন্তরে সালাম দেওয়ার প্রেরণা জাগ্রত হবে।

http://sunnah.global/hadeeth/bn/show/5659